রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-২

সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

ফোন: ০২৫৮৮৮৭৮৯৬২
Email: dgmlad2@rakub.org.bd
Web : www.rakub.org.bd

ঋণ ও অগ্রিম বিভাগ-২,সার্কুলার নম্বর-০৪/২০২৩ তারিখ : ০১.০২.২০২৩

বিষয় : দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

সাম্প্রতিক বৈশ্বিক পরিস্থিতিতে দুর্বল সরবরাহ ব্যবস্থার কারণে বিভিন্ন খাদ্য পণ্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় বিশ্বে খাদ্য সংকট সৃষ্টির আশঙ্কা রয়েছে। এপ্রেক্ষিতে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন।এ লক্ষ্যে কৃষি খাতে স্বল্প সুদ হারে ঋণ প্রবাহ বজায় রাখার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৫,০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কিম গঠিত হয়েছে। উক্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণে নিম্নরূপ নীতিমালা অনুসৃত হবে :

০১. **স্কিমের নাম :** খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য পুনঃঅর্থায়ন স্কিম।

০২. **স্কিমের আওতায় তহবিলের পরিমাণ :** ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকা (প্রয়োজনে তহবিলের পরিমাণ বৃদ্ধি করা হবে)।

০৩. **তহবিলের উৎস :** বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল।

০৪. **স্কিমের মেয়াদ :** ৩০ জুন, ২০২৪ পর্যন্ত (প্রয়োজনে স্কিমের মেয়াদ বৃদ্ধি করা হবে)।

০৫. **গ্রাহক পর্যায়ে ঋণের খাতঃ**
এ স্কিমের আওতায় ধান চাষ, মৎস্য চাষ, কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে উল্লিখিত শাক-সবজি, ফল ও ফুল চাষ, প্রাণিসম্পদ খাতের আওতায় পোল্ট্রি ও দুগ্ধ উৎপাদন খাতে ঋণ বিতরণ করা যাবে।

০৬. **ঋণ প্রাপ্তির যোগ্যতা/অযোগ্যতাঃ**

(ক) কৃষি কাজে সরাসরি নিয়োজিত প্রকৃত কৃষকগণ এ তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন। ক্ষুদ্র, প্রান্তিক কৃষক ও বর্গাচাষীসহ অন্যান্য কৃষকদেরকে এ তহবিলের আওতায় ঋণ প্রদান করা যাবে।

(খ) কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী প্রযোজনীয় যাচাই- বাছাই এর ভিত্তিতে শস্য ও ফসল (ধান,শাক সবজি,ফল ও ফুল চাষ) খাতে কৃষকদের অনুকূলে ঋণ বিতরণ করতে পারবে।

(গ) ২০২২-২০২৩ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা'র ৬.১৯.৬ অনুচ্ছেদে সংজ্ঞায়িত ভূমিহীন কৃষক, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং বর্গাচাষিদেরকে এ স্কিমের আওতায় এককভাবে জামানত বিহীন (শুধুমাত্র ফসল দায়বন্ধনের বিপরীতে) সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে।

(ঘ) উপরোক্ত (গ) ক্রমিকে বর্ণিত কৃষক ব্যতীত অন্যান্য কৃষকের ক্ষেত্রে প্রয়োজনীয় যাচাই-বাছাইপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী ঋণের পরিমাণ নির্ধারণপূর্বক এ স্কিমের আওতায় ঋণ বিতরণ করা যাবে।

(ঙ) শস্য ও ফসল (ধান, শাক সবজি, ফল ও ফুল চাষ) খাতে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ৫ একর জমিতে চাষাবাদের ক্ষেত্রে শুধুমাত্র সংশ্লিষ্ট ফসল দায়বন্ধনের বিপরীতে ঋণ বিতরণ করা যাবে। এছাড়া, শস্য ও ফসল (ধান, শাক সবজি, ফল ও ফুল চাষ) ব্যতীত অন্যান্য খাতের ঋণসমূহের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ন্যূনতম জামানত/সহায়ক জামানত গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

(চ) এ স্কিমের আওতায় গৃহিত ঋণ দ্বারা কোনভাবেই পুরাতন ঋণ সমন্বয় করা যাবে না।

(ছ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অথবা অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপী গ্রাহক এ তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য মর্মে বিবেচিত হবেন না।

(জ) সিআইবি রিপোর্ট অনুযায়ী কোন কৃষক/গ্রাহক খেলাপি হিসেবে চিহ্নিত হলে এ স্কিমের আওতায় ঋণ প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭. **গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদঃ**

(ক) রাকাব-এর ক্ষেত্রেঃ
রাকাব বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে অনধিক ১৮ মাসের মধ্যে আসল এবং সুদ/মুনাফাসহ (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ০.৫০% সুদ/মুনাফা হারে) পরিশোধ করবে।

(খ) রাকাব-এর গ্রাহকের ক্ষেত্রে :
কৃষক/গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে মেয়াদ হবে ন্যূনতম ৩ মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১৮ মাস।

চলমান পাতা-২

০৮. **ঋণ প্রস্তাব মূল্যায়ন :**

(ক) ঋণ বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় বর্ণিত বিধি-বিধানসমূহ অনুসরণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের আলোকে কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করতে হবে;

(খ) আলোচ্য স্কীমের আওতায় ঋণ প্রস্তাব মূল্যায়নের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এ বর্ণিত বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(গ) ঋণ আবেদনকারীর নিকট থেকে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঋণ প্রস্তাব মূল্যায়ন, মঞ্জুর ও বিতরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০৯. **ঋণ মঞ্জুরি :**

(ক) 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ০৫ নম্বর অধ্যায়ে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ ঋণ মঞ্জুর করবেন;

(খ) স্কিমের আওতায় কোন ঋণগ্রহিতাকে একাধিকবারে (পূর্বের ঋণ সুবিধা চলমান থাকলে) ঋণ প্রদান করার ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ০৫ নম্বর অধ্যায়ের ৫.২(৪) নম্বর শর্ত আবশ্যিকভাবে পরিপালন করতে হবে।

১০. **গ্রাহক পর্যায়ে সুদের হার :**

(ক) কৃষক/গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৪% (সরল হারে)। উক্ত সুদ/মুনাফার হার সকল গ্রাহকের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে।

(খ) ঋণ পরিশোধের নির্ধারিত সময়ের মধ্যে আদায় না হলে মেয়াদান্তে অনাদায়ী স্থিতির উপর ব্যাংকের স্বাভাবিক সুদ হার প্রযোজ্য হবে।

১১. **ঋণের জামানত :**

এ স্কীমের আওতায় নির্বাচিত গ্রাহকদের অনুকূলে জামানতবিহীন ও জামানত গ্রহণ পূর্বক উভয় ভাবে ঋণ বিতরণ করা যাবে। ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষীদের অনুকূলে শস্য/ফসল চাষের জন্য এককভাবে জামানতবিহীন (শুধুমাত্র ফসল দায়বন্ধনের বিপরীতে) ঋণ বিতরণ করা যাবে। শস্য ও ফসল ঋণ ব্যতীত অন্যান্য খাতে ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুসরণ পূর্বক সম্পূর্ণ ঋণাঙ্ক কভার করে সহায়ক জামানত গ্রহণ করতে হবে। জামানতি সম্পত্তি মূল্যায়নের ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ১১ নম্বর অধ্যায়ের শর্তাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

১২. **ঋণের ফি, স্ট্যাম্প ডিউটি ও দলিলায়ন :**

(ক) আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ০৭ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাসমূহ এবং এতদসংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

(খ) স্ট্যাম্প ডিউটি ও দলিলায়নের ক্ষেত্রে "অর্থ আইন-২০২২" এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

(গ) মানিলন্ডারিং, টেরোরিষ্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট এর ৩ মে ২০২১ তারিখে জারিকৃত, সার্কুলার লেটার নং- ১/২০২১ এবং ২১ জুন ২০২২ তারিখে জারিকৃত, সার্কুলার নং-০২/২০২২ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

১৩. **ঋণের ডকুমেন্টেশন:**

আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের ডকুমেন্টেশন এর ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১২ নম্বর অধ্যায়ের ১২.১৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা যথাযথ অনুসরণ ও পরিপালন করতে হবে।

১৪. **ঋণ বিতরণ :** মঞ্জুরীকৃত ঋণের অর্থ ঋণগ্রহিতা/উদ্যোক্তার একাউন্টের মাধ্যমে এককালীন বিতরণ করতে হবে।

১৫. **হিসাব সংরক্ষণ:**

(ক) এ তহবিলের আওতায় বিতরণকৃত প্রতিটি ঋণের হিসাব পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।

(খ) বিতরণকৃত ঋণের হিসাবসমূহ নিম্নবর্ণিত প্রোডাক্ট কোড এর মাধ্যমে পরিচালনা করতে হবে;

বিবরণ	Product Code	Name of Account
স্বল্প মেয়াদী	570	Crop Loan for Food Securaty
স্বল্প মেয়াদী	571	Loan on Fish, Poltry and Dairy for Food Securaty

১৬. **ঋণ আদায় পদ্ধতি :**

কৃষক/গ্রাহক পর্যায়ে শস্য/ফসল খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুসৃত হবে। এছাড়া, অন্যান্য খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ ১৮ মাসের (ন্যূনতম ৩ মাস গ্রেস পিরিয়ডসহ) মধ্যে আদায় করতে হবে।

চলমান পাতা-৩

১৭. **রিপোর্টিং ও মনিটরিং:**

(ক) এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের সার্বিক তথ্যাদি মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে। বিধায়, শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী এবং ব্যাংকের সিবিএস সফটওয়ারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত নিয়মিত সরবরাহ/দাখিল করতে হবে।

(খ) শাখাসমূহ এতদসংক্রান্ত ঋণ বিতরণের বিবরণী নির্ধারিত ছকে (সংযোজনী-২) প্রয়োজনীয় তথ্যাদিসহ প্রতিমাস অন্তে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে দাখিল করবে।

(গ) জোনাল কার্যালয়সমূহ উল্লিখিত বিবরণী সংকলনপূর্বক এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি প্রতিমাস অন্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ প্রেরণ নিশ্চিত করবে।

(ঘ) জোনসমূহ থেকে আলোচ্য বিবরণী যথাসময়ে না পাওয়ার কারণে বাংলাদেশ ব্যাংকের তহবিল ছাড়করণের ক্ষেত্রে কোনরূপ বিরূপ পরিস্থিতির সৃষ্টি হলে এতদসংক্রান্ত আর্থিক দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর বর্তাবে।

(ঙ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় সরেজমিনে পরিদর্শন এবং তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে কৃষক পর্যায়ে ঋণের সদ্ব্যবহার মনিটরিং এবং মূল্যায়ন করা হবে।

১৮. **পুণঃঅর্থায়ন আবেদন পদ্ধতিঃ**

(ক) কৃষক পর্যায়ে ঋণ বিতরণ শুরু করার পর রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে মাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়ণ এর অর্থ প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।

(খ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কৃষক পর্যায়ে ঋণ বিতরণ করে বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্য/কাগজপত্রসহ পরিচালক, কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় এর নিকট পুনঃঅর্থায়নের জন্য আবেদন করবে:

-বিতরণকৃত ঋণের মঞ্জুরীপত্র;

- বিতরণকৃত ঋণ হিসাবের বিবরণী;

- প্রকৃত বিতরণ সংক্রান্ত প্রত্যয়নপত্র;
- বিতরণকৃত ঋণের সমন্বিত বিবরণী (সংযুক্ত ছক-১ মোতাবেক);
- ঋণ পরিশোধর প্রতিশ্রুতিপত্র (ডিপি নোট);
- সংশ্লিষ্ট অন্যান্য তথ্য।

১৯. **পরিশোধ পদ্ধতি:**

(ক) ব্যাংকের অনুকূলে ছাড়কৃত অর্থের নির্ধারিত মেয়াদ পূর্তির মধ্যেই সুদ/মুনাফাসহ গৃহীত আসলের সমুদয় অর্থ বাংলাদেশ ব্যাংককে পরিশোধ করতে হবে ।

(খ) কৃষক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী শাখার উপর ন্যস্ত থাকবে।

(গ) স্কিমের আওতায় প্রদত্ত ঋণের অর্থ বা এর কোনো অংশের সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে এর দায় ঋণ সংশ্লিষ্ট সকলের উপর বর্তাবে ।

(ঘ) বিতরণকৃত ঋণের বিপরীতে ৪% এর অধিক সুদ/মুনাফা আদায় করা হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্থিরকৃত অর্থের ওপর নির্ধারিত হারের অতিরিক্ত ২% হারে সুদ/মুনাফা ধার্য্য করে এককালীন আদায় করা হবে এবং এর দায় শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্টদের উপর বর্তাবে ।

২০. **ঋণবিতরণের উদ্দেশ্যে প্রচারণা ও কৃষক নির্বাচন:**

(ক) পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ৪% সুদ/মুনাফা হারে কৃষক পর্যায়ে ঋণ বিতরণ কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি উল্লেখ করে ব্যাংকের বাইরে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে ব্যানার স্থাপন করতে হবে।

(খ) এ স্কিমের আওতায় কৃষকদেরকে ঋণ গ্রহণে উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট ফসল চাষের মৌসুম শুরু হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট শাখার মাধ্যমে বিশেষ ক্যাম্পেইন পরিচালনা করতে হবে।

(গ) প্রকৃত কৃষক চিহ্নিত করণের লক্ষ্যে প্রয়োজনে স্থানীয় কৃষি সম্প্রসারণ অফিসের সহায়তা গ্রহণ করা যাবে।

২১. **তহবিল ব্যবস্থাপনা:**

এ তহবিলের সামগ্রিক তদারকি/পরিচালনা/ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলী বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় এর কৃষি ঋণ বিভাগ কর্তৃক সম্পাদিত হবে এবং এ লক্ষ্যে কৃষি ঋণ বিভাগ প্রয়োজনীয় শর্ত/বিধি অনুসরণের নির্দেশনা প্রদান করতে পারবে।

চলমান পাতা-৪

২২. অন্যান্য শর্তাবলী:

(ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এবং বর্তমানে অনুসৃত কৃষি ও পল্লী ঋণ নীতিমালাসহ অন্যান্য নীতিমালা যেমন জামানত, আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময়কাল, ঋণ গ্রহীতার যোগ্যতা নিরূপন, ঋণ বিতরণ, ঋণের সদ্ব্যবহার, তদারকি ও আদায় প্রক্রিয়া যথারীতি অনুসৃত হবে;

(খ) ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(গ) আলোচ্য পুনঃঅর্থায়নের ক্ষেত্রে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকের চাহিদার প্রেক্ষিতে শাখা প্রয়োজনীয় তথ্য, কাগজপত্র এবং দলিলাদির কপি জোনাল কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ সরবরাহ করবে;

(ঘ) পুনঃঅর্থায়ন সংক্রান্ত উল্লিখিত নীতিমালার শর্তাদির বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করলে তা অনুসরণ করতে হবে।

২৩. জোনাল ব্যবস্থাপকগণ প্রধান কার্যালয় হতে এ স্কিমের আওতায় জোন ভিত্তিক বিতরণ লক্ষ্যমাত্রা প্রাপ্তির পর জরুরীভিত্তিতে আওতাধীন সকল শাখায় লক্ষ্যমাত্রা বন্টন পূর্বক প্রধান কার্যালয়ে (ঋণ ও অগ্রিম বিভাগ-২) এ কপি প্রেরণ করবেন।

২৪. শাখা ও জোনসমূহ এ স্কিমের আওতায় প্রধান কার্যালয়ের পূর্বানুমোদন ছাড়া নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত ঋণ বিতরণ করতে পারবে না।

২৫. এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

০১.০২.২০২৩

(মোঃ বেল্লাল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
(অতিরিক্ত দায়িত্ব)

প্রকা/ঋঅবি-২/১৩৪/২০২২-২০২৩/ 800(8০৫) তারিখ : ০১.০২.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিহিঅ) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপমহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-কে সার্কুলারটি রাকাবের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে)
১২। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৪। অফিস নথি/মহানথি।

01.02.23

(মোঃ দেলোয়ার জাহিদ)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সংযুক্ত ছক-১

ছক-ক ঃ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি কাতের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় পুনঃঅর্থায়ন দাবী সংক্রান্ত বিবরণী (মাসিক ভিত্তিক)

ব্যাংকের নাম :

মাসের নাম :

অর্থবছর :

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	শাখার নাম	কৃষক/গ্রাহকের নাম এবং মোবাইল নম্বর	বিতরণকৃত ঋণের পরিমাণ	কৃষক/গ্রাহক পর্যায়ে সুদের হার	ঋণ বিতরণের তারিখ	ঋণ মেয়াদ	ঋণ বিতরণের খাত	বিতরণকৃত ঋণের বিপরীতে দাবীকৃত পুনঃঅর্থায়নের পরিমাণ

উপরোক্ত তথ্যসমূহ সঠিক মর্মে প্রত্যয়ন করা হলো।

২য় কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও স্বাক্ষর

ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপকের নাম

E:\LAD-2\Corona Pronodona 4% Crop\5000__Crore\Format

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

জোন:.............

সংযুক্ত ছক-২

ছক-২ ঃ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় ঋণ বিতরণের পুঞ্জিভুত বিবরণী (পাক্ষিক ভিত্তিক)

ব্যাংকের নাম :

বিবরণীর সময়কাল : --/--/---- তারিখ পর্যন্ত

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	শাখার নাম	বরাদ্দের পরিমাণ	অনুমোদিত ঋণ পরিমাণ	বিতরণকৃত ঋণের পরিমান							বরাদ্দের তুলনায় ঋণ বিতরণের হার (%)	ঋণ প্রাপ্ত বর্গাচাষীর সংখ্যা	ঋণ প্রাপ্ত মোট কৃষক/গ্রাহকের সংখ্যা
						ধান	মৎস্য	পোল্ট্রি	দুগ্ধ উৎপাদন	শাক-সবজি	ফল ও ফুল	মোট			
সর্বমোট															

উপরোক্ত তথ্যসমূহ সঠিক মর্মে প্রত্যয়ন করা হলো।

২য় কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও স্বাক্ষর

ব্যবস্থাপক/জোনাল

E:\LAD-2\Corona Pronodona 4% Crop\5000__Crore\Format